# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : | ১ | ৪ | ১ |

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** অর্থনীতি একটি গতিশীল বিষয়। সমাজ ও মানুষের রূপের পরিবর্তন ঘটিয়েছে। তাই অর্থনীতি সম্পদের বিজ্ঞান। মানুষের দৈনন্দিন জীবনের সাধারণ কার্যাবলি আলোচনাই মুখ্য।

ক. Oikonomia শব্দটি কোন শব্দ? ১

খ. Adam Smith কে অর্থনীতির জনক বলা হয় কেন? ২

গ. অর্থনীতির বিভিন্ন সংজ্ঞার আলোকে তুমি নিজে একটি সংজ্ঞা প্রদান করো। ৩

ঘ. অর্থনীতির দশটি নীতি বিশ্লেষণ করো। ৪

**২.▶** ২০০৭ সালে ১৫ নভেম্বর উপকূলীয় অঞ্চলে ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। এই সিডরের সময় বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবন নিরাপত্তা বেষ্টনী হিসেবে কাজ করায় আমাদের ক্ষয়-ক্ষতির পরিমাণ অনেক কম হয়েছে।

ক. বনজ সম্পদ কী? ১

খ. বাংলাদেশের বনভূমি স্বল্প কেন? ২

গ. আমাদের অর্থনৈতিক উন্নয়নের সাথে পরিবেশ ভালো রাখার জন্য বনভূমির অবদান কতটুকু? ৩

ঘ. 'স্বল্প বনভূমি আমাদের জন্যে হুমকি স্বরূপ' — কথাটি বিশ্লেষণ করো। ৪

**৩.▶** ঢাকার মানিক নগরের আকরাম খুব মিষ্টি প্রিয়। কিন্তু মিষ্টি খাওয়াকালে তার রুচি ও পছন্দ অপরিবর্তিত থাকে। এ অবস্থায় সে বাসাবোর সালাম ডেইরি ফার্মের মিষ্টির দোকানের মিষ্টি খাওয়া শুরু করল। এক পর্যায়ে তার নিকট মিষ্টির উপযোগ শূন্য হয়ে যায়।

ক. কখন প্রান্তিক উপযোগ শূন্য হয়? ১

খ. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়? ২

গ. আকরামের মিষ্টি খাওয়ার ক্ষেত্রে উপযোগের কোন বিধিটি কার্যকরী হয়েছে? তা ব্যাখ্যা করো। ৩

ঘ. আকরামের ক্ষেত্রে উপযোগের যে বিধিটি কার্যকর হয়েছে তা কি সর্বদাই প্রতিফলিত হয়? বিশ্লেষণ করো। ৪

**৪.▶** ঢাকার বাসিন্দা এলতাস নাটোর উপজেলায় চাকরি করে। সে নাটোরের বনপাড়ায় শাক-সবজি ও নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম ঢাকার তুলনা বেশি কম। ক্রেতরদের ক্রয় ক্ষমতা, দোকান ভাড়া, পরিবহন খরচের ভিন্নতার জন্যে এমনটি হয় বলে তার ধারণা। সে এটিও লক্ষ করে যে, ঐ বনপাড়ায় বাজারে আমের দাম কম হলেও আঙ্গুরের দাম অনেক বেশি।

ক. সময়ের ভিত্তিতে বাজার কত প্রকার? ১

খ. দীর্ঘকালীন বাজার বলতে কী বুঝায়? ২

গ. এলতাসের অভিজ্ঞতার আলোকে কেন দুটি স্থানীয় বাজারে দামের পার্থক্য দেখা যায়? ব্যাখ্যা করো। ৩

http://teachingbd.com

ঘ. এলতাসের দেখা আমের বাজার ও আঙ্গুরের বাজারের মধ্যে পার্থক্য তুলে ধরো। তোমার নিকট কোনটির বাজার বেশি পছন্দনীয় এবং কেন? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

**৫.▶** জহির তার নানার বাড়ি মধুপুরে বেড়াতে যায়। তার নানা পুকুরে মাছ চাষ করেন। জহির তার নানার বাড়ির পাশে প্রচুর গাছপালা ও জীবজন্তু দেখতে পায়। সে জানতে পারে এটি একটি বিশেষ ধরনের অঞ্চল।

ক. CCA এর পূর্ণরূপ কী? ১

খ. মোট দেশজ উৎপাদন বলতে কী বোঝায়? ২

গ. জহির তার নানার বাড়ির পাশে যে অঞ্চলটি দেখতে পায় সেটি অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত তা ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে জহিরের নানার চাষকৃত মাছের অবদান পাঠ্য পুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

**৬.▶** রাজবাড়ীর রহিম শেখ একটি ব্যাংকে মাসে মাসে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা করেন। দশ বছর পর তিনি চিন্তা করলেন টাকাগুলো একত্রে ব্যাংকেই আরো লাভজনক খাতে রেখে দিবেন। সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে নিশ্চয়তা পেয়েছেন।

ক. 'একটি বাড়ি এমটি খামার' — প্রকল্পের অংশীদার কোন ব্যাংক? ১

খ. সমবায় ব্যাংকের ঋণ প্রদানের খাতগুলো লেখ। ২

গ. রহিম শেখ প্রথমে কী ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. অধিক লাভের আশায় রহিম শেখ কী ধরনের হিসাব খুলতে পারেন? যুক্তি দাও। ৪

Teachingbd.com

**৭.▶** নাজিম মিয়া গ্রামে বাস করেন। তার কিছু জমিজমা রয়েছে। জমিতে সে ফসল উৎপাদন করেন। নিজের পরিবারের চাহিদা মিটিয়ে বাড়তি ফসল সে বাজারে বিক্রি করে। একদিন টিভির খবরে সে জানতে পারে, আমাদের মোট জাতীয় উৎপাদনে এ খাতের অবদানই সর্বাধিক।

ক. বাংলাদেশে জাতীয় আয় নির্ণয়ে খাত কয়টি? ১

খ. EPZ কেন প্রতিষ্ঠা করা হয়েছে? ২

গ. উদ্দীপকে বর্ণিত খাতটি আমাদের জাতীয় আয় বৃদ্ধিতে কী ভূমিকা রাখছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মোট জাতীয় উৎপাদনে নাজিম মিয়ার উক্ত খাত ছাড়াও অন্যান্য খাত গুরুত্বপূর্ণ অবদান রাখছে — বিশ্লেষণ করো। ৪

**৮.▶** রহিমা জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে M.A পাশ করেছে। তার এখনও চাকরি হয়নি। ইদানিং সে তার মায়ের পরিচালিত হস্তশিল্পে তার মাকে কাজে সহায়তা করে। মায়ের কাছ থেকে তার সময় ভালো কাটে কিন্তু তাদের হস্তশিল্পের উৎপাদন বা আয় পূর্বের অবস্থায় রয়েছে।

ক. বেকারত্ব কাকে বলে? ১
খ. কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির ব্যাখ্যা করো। ২
গ. অর্থনীতিতে রহিমার কাজের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. 'বাস্তবভিত্তিক শিক্ষা' রহিমাকে উক্ত অবস্থা থেকে উত্তরণ ঘটাতে পারে — মূল্যায়ন করো। ৪

৯. ▶ রহিম একটি সরকারি স্কুলে পড়ে। তাদের স্কুলের সবাই খুশি, কারণ এ বছর একটি নতুন ভবন তৈরি হচ্ছে। সে জানতে পারে সরকার এবার তাদের স্কুলে বড় বাজেট দিয়েছে। বাজেট কী তা সে বোঝে না। এ প্রসঙ্গে তার শিক্ষককে জিজ্ঞাসা করলে তনি বলেন, তাদের বেতনের মতো এটিও সরকারের এক ধরনের ব্যয় যা বাজেটের মাধ্যমেই সরকার প্রদান করে।

ক. বাজেটের সংজ্ঞা দাও। ১
খ. সরকারি অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. রহিমের স্কুলে ভবন নির্মাণের কাজটি সরকারের কোন বাজেটের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. রহিমের শিক্ষকের বেতন কীভাবে উদ্বৃত্ত বাজেটের অন্তর্গত হতে পারে? বিশ্লেষণ করো। ৪

১০. ▶ নিচের ছকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

| দ্রব্যের দাম | চাহিদার পরিমাণ |
|---|---|
| ৩ টাকা | ৩ একক |
| ২ টাকা | ৬ একক |
| ১ টাকা | ৯ একক |

ক. চাহিদা সূচি কাকে বলে? ১
খ. চাহিদার শর্ত কয়টি ও কী কী? ২
গ. প্রদত্ত সূচির আলোকে চাহিদা বিধি ব্যাখ্যা করো। ৩
ঘ. কাল্পনিক যোগানের পরিমাণ তৈরি করে ভারসাম্য দাম নির্ধারণ প্রক্রিয়াটি তুমি কীভাবে বিশ্লেষণ করো। ৪

১১. ▶ ছকটি লক্ষ কর :

| ১ম | ২য় |
|---|---|
| প্লাস্টিক দ্রব্য | শাক-সবজি |

ক. GDP এর পূর্ণ অভিব্যাক্তি কী? ১
খ. সেবা খাত বলতে কী বোঝায়? ২
গ. ১ম বক্সের দ্রব্যটি কোন খাতের? ব্যাখ্যা করো। ৩
ঘ. ২য় বক্সের উপখাতগুলোর তোমার মতামত ব্যক্ত কর। ৪

Teachingbd.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট　　　পূর্ণমান— ৩০　　　বিষয় কোড : | ১ | ৪ | ১ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. এ্যাডাম স্মিথ এবং রিকোর্ডো অর্থনীতিকে কী হিসেবে বিবেচনা করেছেন?

ক সম্পদের বিজ্ঞান　খ অর্থের বিজ্ঞান
গ চাহিদার বিজ্ঞান　ঘ উৎপাদনের বিজ্ঞান

২. মুদ্রাস্ফীতি হলে কী ঘটে?

ক অর্থের মূল্য বাড়ে　খ অর্থের মূল্য কমে
গ জীবনযাত্রার মান বাড়ে
ঘ দ্রব্যমূল্য কমে

৩. মিশ্র অর্থব্যবস্থা বিদ্যমান রয়েছে—

i. জার্মানিতে
ii. বাংলাদেশে
iii. যুক্তরাষ্ট্রে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৪. বাংলাদেশের জাতীয় আয়ের কত ভাগ কৃষি থেকে আসে?

ক প্রায় ১৩%　খ প্রায় ১৮%
গ প্রায় ২১%　ঘ প্রায় ৩২%

৫. বাংলাদেশে বনভূমির পরিমাণ মোট ভূ-খণ্ডের কত ভাগ?

ক ১৫%　খ ১৬%
গ ১৭%　ঘ ১৮%

৬. নিচের কোনটি সঞ্চয়ের সমীকরণ?

ক $S = Y - C$　খ $Y = S - C$
গ $D = S - C$　ঘ $C = Y - S$

৭. দাম ও চাহিদার মধ্যে সম্পর্ক কী ধরনের?

ক সমমুখী　খ বিপরীতমুখী
গ কেন্দ্রমুখী　ঘ স্থিমুখী

৮. নিচের কোনটি একটি বিশেষ সময়ে ঋণাত্মক হতে পারে?

ক চাহিদা　খ উপযোগ
গ প্রান্তিক উপযোগ　ঘ মোট উপযোগ

৯. দুই ব্যক্তির চাহিদা যথাক্রমে ১০ ও ১২ একক। এক্ষেত্রে বাজার চাহিদা কত হবে?

i. ২০ একক
ii. ২১ একক
iii. ২২ একক

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ iii

১০. উৎপাদনের উপকরণ কয়টি?

ক ২টি　খ ৪টি
গ ৬টি　ঘ ৮টি

১১. শ্রমের মালিক কে?

ক শ্রমিক　খ মালিক
গ সংগঠক　ঘ ভূ-স্বামী

১২. উৎপাদন বলতে কী বোঝায়?

ক কোন কিছু সৃষ্টি করা
খ উৎপাদন বৃদ্ধি করা
গ উপযোগ সৃষ্টি করা
ঘ বিক্রয়ের জন্য নিয়ে আসা

১৩. একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য—

i. একজন উৎপাদক
ii. একজন বিক্রেতা
iii. একজন ক্রেতা

নিচের কোনটি সঠিক?

ক i　খ ii
গ i ও ii　ঘ i ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

মিঠু গ্রামের ছেলে। সে তিন বিঘা জমিতে মাছের চাষ করে। সে প্রায়ই মাছ নিয়ে বাজারে বিক্রি করতে যায়। যেদিন বেশি পাইকার আসে, সেদিন সে চড়া দামে বিক্রি করতে পারে। আর যেদিন পাইকার না আসে, সেদিন সে কম দামে মাছ বিক্রি করে।

১৪. মিঠুর মাছের বাজার কোন ধরনের বাজারে?

ক জাতীয় বাজার　খ আন্তর্জাতিক বাজার
গ দীর্ঘকালীন বাজার　ঘ স্থানীয় বাজার

Teachingbd.com

http://teachingbd.com

১৫. যেদিন সব মাছ চড়া দামে বিক্রি করে সেদিন মাছের বাজার কেমন হয়?
ক পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার
খ একচেটিয়া বাজার
গ স্থানীয় বাজার
ঘ জাতীয় বাজার

১৬. বাংলাদেশের অর্থনীতিকে পরিসংখ্যান ব্যুরো কয়টি ভাগে ভাগ করেছে?
ক ১০টি
খ ১৫টি
গ ২০টি
ঘ ২৫টি

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. আনোয়ার যে দেশে বসবাস করেন সেই দেশের মাথাপিছু আয় তুলনামূলক কম। দেশটি বর্তমানে কৃষি নির্ভরতা থেকে শিল্প নির্ভরতার দিকে এগিয়ে যাচ্ছে।

১৭. মি. আনোয়ার মাথাপিছু আয় নির্ণয় করার জন্য কোন সূত্রটি ব্যবহার করতে পারেন?
ক $\frac{\text{মোট আয়}}{\text{মোট জনসংখ্যা}}$
খ $\frac{\text{মোট জনসংখ্যা}}{\text{মোট আয়}}$
গ $\frac{\text{মোট ব্যয়}}{\text{মোট জনসংখ্যা}}$
ঘ $\frac{\text{মোট জনসংখ্যা}}{\text{মোট ব্যয়}}$

১৮. মি. আনোয়ার যে দেশে বসবাস করছেন তা হলো—
i. উন্নত দেশ
ii. অনুন্নত দেশ
iii. উন্নয়নশীল দেশ
নিচের কোনটি সঠিক?
ক i
খ i ও ii
গ iii
ঘ i ও iii

১৯. বাণিজ্যিক ব্যাংক কীসের মাধ্যমে অর্থ স্থানান্তর করে?
ক চেক
খ ব্যাংক ড্রাফট
গ টেলিগ্রাম
ঘ সবগুলো

২০. গ্রামীণ ব্যাংক কীরূপ ব্যাংক?
ক সরকারি ব্যাংক
খ বিদেশি ব্যাংক
গ বিশেষায়িত ব্যাংক
ঘ কেন্দ্রীয় ব্যাংক

২১. সরকারি আইন দ্বারা প্রচলিত অর্থকে কী বলে?
ক বিহিত অর্থ
খ ব্যাংক হিসাব
গ স্টক শেয়ার
ঘ শেয়ার

২২. পশু সম্পদ অর্থনীতির কোন খাতের অন্তর্ভুক্ত?
ক শিল্প
খ কৃষি
গ সেবা
ঘ সামাজিক সেবা

২৩. কৃষি খাতে প্রধান রপ্তানি পণ্য কী?
ক কাঁচাপাট
খ চা
গ হিমায়িত খাদ্য
ঘ সবগুলো

২৪. হোসিয়ারি কোন ধরনের শিল্প?
ক বৃহৎ
খ মাঝারি
গ ক্ষুদ্র
ঘ কুটির শিল্প

২৫. মানবসম্পদ উন্নয়নের জন্য কী জরুরি?
ক মূলধন
খ ভূমি
গ প্রশিক্ষণ
ঘ সংগঠন

২৬. উন্নত দেশে উৎপাদন ব্যবস্থা বৃদ্ধির মূলে রয়েছে—
ক কারিগরি জ্ঞান
খ অধিক জনসংখ্যা
গ সঞ্চয় বৃদ্ধি
ঘ প্রাকৃতিক সম্পদ

২৭. উন্নয়নশীল দেশ কোন ধরনের পণ্য বেশি উৎপাদন করে?
ক প্রাথমিক
খ মাধ্যমিক
গ চূড়ান্ত
ঘ ভোগ্য

২৮. বাংলাদেশ সরকারের প্রধান ব্যয়ের খাত কোনগুলো?
ক শিক্ষা ও প্রযুক্তি
খ প্রতিরক্ষা
গ বিদ্যুৎ
ঘ সবগুলো

২৯. আমাদের দেশে বাজেটকে সাধারণত কয় ভাগে ভাগ করে উপস্থাপন করা হয়?
ক ২ ভাগে
খ ৩ ভাগে
গ ৪ ভাগে
ঘ ৫ ভাগে

৩০. VAT-এর পূর্ণরূপ কী?
ক Valuable Added Tax
খ Variety Added Taxation
গ Valuable Added Taxation
ঘ Value Added Tax

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

http://teachingbd.com